

“কৃষিসমৃদ্ধি”
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
হালুয়াঘাট, ময়মনসিংহ।



স্মারক নং ৪

তারিখঃ


ইং।

www.dae.haluaghat.mymensingh.gov.bd

-ঃ একটি বিশেষ ঘোষণা ঃ-

সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নের কৃষকগণ তাদের জমির উপরিভাগের মাটি বিভিন্ন ইট ভাটায় বিক্রি করে দিচ্ছেন। এতে করে ফসল উৎপাদনের উপযোগী মাটির স্তর দিন দিন নষ্ট হচ্ছে। কৃষক ভাইদের জ্ঞাতার্থে আরো জানানো যাচ্ছে যে, সাময়িক লাভের কারণে আপনার জমির উপরি ভাগের যে টপ সয়েল বিক্রয় করে দিচ্ছেন সেই মাটির স্তর পুনরায় ফসলের উৎপাদনের উপযোগী হতে ৮-১০ বছর সময় লাগে। তাই ফসল উৎপাদনের ধারাবাহিকতা রক্ষায় আপনার জমির উপরিভাগকে জৈব সার দিয়ে সংরক্ষণ করুন এবং অধিক ফসল ঘরে তুলুন। এমতাবস্থায় যে সমস্ত কৃষক ভাইগণ রাতের আঁধারে তাদের জমির উপরিভাগের মাটি বিক্রয় করছেন কিংবা যারা ক্রয় করবেন তাদের উভয়কেই আইনের আওতায় আনা হতে পারে। তাই ফসল উৎপাদন যোগ্য জমির মাটি ক্রয়/বিক্রয়কারীকে উক্ত কাজ হতে বিরত থাকার জন্য অনুরোধ করা হলো।

প্রচারে-


২৭/১২/২০২০

উপজেলা কৃষি অফিসার,
হালুয়াঘাট, ময়মনসিংহ।